

প্যাকেট সিকুরেছা নামক জঘন্য আইনের বিরুদ্ধে ও সকলের প্রাণের দাবী

পেরমেছে দি সোজর্নের জন্য

আগামী ৩১শে জানুয়ারী '০৯

গণমিছিলে অংশগ্রহণ করার আহ্বান

চলতি মাসে ইতালীয় পার্লামেন্টে (সিনেটে) প্যাকেট সিকুরেছা (ডিডিএল ৭৩৩) নামক আইনের উপর আলোচনা শুরু হয়েছে। এই আইন মূলতঃ বিদেশীদের উপর বর্তমান সরকারের বর্ন বৈষম্যমূলক ও রাসিস্ট আইন।

এই নতুন আইনের নীল নকশা হচ্ছে এইরূপ :

- কোন অবৈধ ব্যক্তি তার নিজ দেশে বৈধভাবে টাকা পাঠাইতে পারবেন না।
- এই দেশে অবৈধদের অনুপ্রবেশ মারাত্মক অপরাধ।
- এবং এই আইন কার্যকরী পরবর্তী সময়ে কোন অবৈধ ব্যক্তিকে এদেশে খুঁজে পাওয়া যায় তাহলে তাকে CIE নামক কারাগারে (EX-CPT) প্রেরণ করা হবে এবং সর্বোচ্চ ১৮ মাস মেয়াদ পর্যন্ত রাখা হবে তার নিজ দেশে ডিপোর্ট করার জন্য।
- যাদের সোজর্ন আছে তাদের বিশেষ একটি অতিরিক্ত কর দিতে হবে সোজর্ন নবায়নের জন্য। অবৈধদের দেশে পাঠানোর জন্য এই অতিরিক্ত অর্থ নেয়া হবে।
- অবৈধ কোন ব্যক্তি কোন ইতালীয়ান মেয়েকে বিবাহ করতে পারবেন না।

সুতারাং এই সকল আইনের মাধ্যমে আপনার মৌলিক অধিকার ক্ষুন্ন করা হচ্ছে। তাছাড়া বিভিন্ন জায়গায় পুলিশের হয়রানীমূলক নির্যাতন কাজ কিংবা ব্যবসা করতে না দেয়া ইত্যাদি। এছাড়াও বসি-ফিনি আইনের মাধ্যমে আমাদের সকলের প্রাণের দাবী পেরমেছে দি সোজর্ন ব্লক করে রাখা হয়েছে। সুতারাং আমরা সোচ্চার হই ও জনমত গড়ে তুলি এই সকল ফ্যাসিবাদী আইনের বাতিলের বিরুদ্ধে এবং সকলে সম্মিলিত ভাবে আন্দোলনে অংশগ্রহণ করি আপনার অধিকার অক্ষুন্ন রাখার জন্য।

এবং একই সংগে বজ্রকণ্ঠে আওয়াজ তুলি আমাদের দাবী পেরমেছে দি সোজর্ন দিতেই হবে।

এই কারণে সকলকে আহ্বান জানাইতেছি আগামী ৩১শে জানুয়ারী ০৯ ইং তারিখ, শনিবার, বিকাল ৩:০০ **PORTA MAGGIORE** (পরতা মাজ্জিওরে) গণমিছিলে আপনার অংশগ্রহণের মাধ্যমে আন্দোলন সফল করে তুলুন।

শনিবার ৩১শে জানুয়ারী, বিকাল ৩:০০

গণমিছিল

পরতা মাজ্জিওরে (PORTA MAGGIORE)

আমরা ভীত নই

RETE CONTRO IL PACCHETTO SICUREZZA

PER INFO: NO PACCHETTOSICUREZZA.NOBLOGS.ORG